

পশ্চিমবঙ্গ সরকার
শ্রম দপ্তর
এল ডব্লু. শাখা

নং লেবার/২৫৫ / (এল সি - এল ডব্লু.)
এল ডব্লু. / ৫এম - ১১২ / ১৬

তারিখ: কলকাতা, ৩রা এপ্রিল, ২০১৭

সংশোধনী

ভারত সরকার ৩০.১২.২০০৮ তারিখে “অসংগঠিত শ্রমিকদের সামাজিক সুরক্ষা আইন, ২০০৮” প্রণয়ন করেন। এই আইনের ৬ ধারার অধীন উপধারা (১) অনুসারে পশ্চিমবঙ্গ সরকার শ্রম দফতরের বিজ্ঞপ্তি নম্বর ১০২৫-আই আর, তারিখ ৬.১১.২০০৯ -এর বলে “পশ্চিমবঙ্গ রাজ্য সামাজিক সুরক্ষা পর্ষদ” গঠন করেন।

২। এই সামাজিক সুরক্ষা পর্ষদ রাজ্যের পরিবহণ ক্ষেত্রের শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রদানের জন্য একটি প্রকল্প গ্রহণের সুপারিশ করে এবং তদানুসারে পশ্চিমবঙ্গ সরকার শ্রম দপ্তরের আই আর শাখার গৃহীত সংকল্প নম্বর ৯০৭-আই আর/ই আই এল/১-এ-৪/১১০, তারিখ: ১৩.৮.২০১০ এবং আই আর শাখার বিজ্ঞপ্তি নম্বর ১৮৩-আই আর/ই আই এল/১-এ-০১/১০, তারিখ: ১৬.২.২০১৫ প্রকাশের মাধ্যমে “পশ্চিমবঙ্গ পরিবহণ ক্ষেত্রের শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্প, ২০১০” — নামে একটি প্রকল্পের সূচনা করে।

৩। এই সুরক্ষা প্রকল্প অনুযায়ী পরিবহণ ক্ষেত্রের শ্রমিকদের পেনশন, পারিবারিক পেনশন, স্বাভাবিক মৃত্যু এবং দুর্ঘটনাজনিত মৃত্যুর জন্য আর্থিক সহায়তা, হাসপাতালে ভর্তির জন্য আর্থিক সহায়তা, রাষ্ট্রীয় স্বাস্থ্য বিমা যোজনা প্রকল্প (RSBY)-এর অনুরূপ নগদবিহীন চিকিৎসা পরিষেবা গ্রহণের সুবিধা, অস্ত্রোপচারের জন্য আর্থিক সহায়তা, মাতৃত্বকালীন সহায়তা এবং উপভোক্তাদের সন্তানদের শিক্ষার জন্য আর্থিক সুবিধা সহ বিভিন্ন প্রকার সহায়তা প্রদান করে থাকে।

৪। পেনশন এবং নগদবিহীন চিকিৎসা পরিষেবা ও অস্ত্রোপচারের জন্য আর্থিক সহায়তা ব্যতীত পরিবহণ শ্রমিকদের জন্য নির্ধারিত অন্যান্য সহায়তাগুলিকে একটি সংহত ও একীকৃত সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত করার প্রসঙ্গটি বেশ কিছুকাল ধরেই সক্রিয়ভাবে সরকারের বিবেচনাধীন ছিল।

৫। বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করার পর পশ্চিমবঙ্গ সরকার “পশ্চিমবঙ্গ পরিবহণ ক্ষেত্রের শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্প, ২০১০”-এর ২৪ ধারায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে মহামান্য রাজ্যপাল সন্তোষপূর্বক পরিবহণ ক্ষেত্রের শ্রমিকদের জন্য প্রদত্ত সামাজিক সুরক্ষামূলক সহায়তাগুলি এতদ্বারা নিম্নরূপে সংশোধন করলেন:

ক্রমিক সংখ্যা	সহায়তার বিবরণ	সহায়তা প্রাপ্তির যোগ্যতামান	প্রদেয় অর্থরাশির পরিমাণ
১।	পেনশন	নথিভুক্ত শ্রমিকের বয়স ৬০ বছর পূর্ণ হতে হবে এবং অবিচ্ছিন্নভাবে এই প্রকল্পে ন্যূনতম পাঁচ বছর সদস্যপদ চালু রাখতে হবে।	মাসিক ১৫০০/- টাকা হারে পেনশন প্রদত্ত হবে এবং পাঁচ বছরের বেশি নথিভুক্ত থাকলে পরবর্তী প্রতি বছরের জন্য আরও ১০/- টাকা করে পেনশন বৃদ্ধি পাবে।

ক্রমিক সংখ্যা	সহায়তার বিবরণ	সহায়তা প্রাপ্তির যোগ্যতামান	প্রদেয় অর্থরাশির পরিমাণ
২।	পারিবারিক পেনশন		উপভোক্তার সর্বশেষ প্রাপ্ত পেনশনের ৫০ শতাংশ হারে।
৩।	চিকিৎসা সহায়তা	কেবলমাত্র অটো এবং ট্যাক্সি চালকদের জন্য নগদবিহীন চিকিৎসা পরিষেবা প্রাপ্তির সুবিধা	রাষ্ট্রীয় স্বাস্থ্য বিমা যোজনা প্রকল্প (RSBY)-এর অনুরূপ চিকিৎসা পরিষেবা সহায়তা বাবদ সর্বোচ্চ ৩০,০০০/- টাকা।
		অস্ত্রোপচারের ক্ষেত্রে	নথিভুক্ত শ্রমিকের নিজের চিকিৎসার জন্য প্রতি বছর সর্বোচ্চ ১,০০,০০০/- টাকা এবং পরিবারের সদস্য সহ নথিভুক্ত শ্রমিকের নিজের জন্য প্রতি বছর সর্বোচ্চ ১,৫০,০০০/- টাকা পর্যন্ত আর্থিক সহায়তা।

৬। বর্তমান প্রকল্পের অনুচ্ছেদ ৫ -এ বর্ণিত সুবিধাগুলি ব্যতীত অন্যান্য সকল সংস্থানগুলি প্রত্যাহার করা হল।

৭। সংশোধিত প্রকল্প ১লা এপ্রিল, ২০১৭ থেকে কার্যকর হবে।

৮। এই বিজ্ঞপ্তিটি অর্থ দপ্তরের ইউ ও নং গ্রুপ - এল/২০১৬-২০১৭/০১০৫, তারিখ ২১/৩/২০১৭-এর মাধ্যমে গৃহীত সম্মতি অনুসারে প্রকাশিত হল।

মহামান্য রাজ্য পালের আদেশানুসারে

স্বাক্ষর /-

গোপাল কৃষ্ণ

অতিরিক্ত মুখ্য সচিব,

পশ্চিমবঙ্গ সরকার